

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

নারায়ণগঞ্জ সদর উপজেলার পল্লী উন্নয়ন ও সমবায় (স্থায়ী) কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ফাতেমা মনির

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।

তারিখঃ ২২/০৩/২০২২খ্রি.

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	ফাতেমা মনির মহিলা ভাইস চেয়ারম্যান	দাপা ইদ্রাকপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।	সভাপতি	স্বাক্ষরিত
০২	ফজর আলী চেয়ারম্যান, গোগনগর ইউনিয়ন পরিষদ	ধর্মগঞ্জ, এনায়েতনগর, নারায়ণগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৩	মনিরুল আলম সেনু চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ	দেলপাড়া, কুতুবপুর, নারায়ণগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৪	রওশান আলী, সদস্য, ০৪নং ওয়ার্ড আলীরটেক ইউনিয়ন পরিষদ	আলীরটেক, নারায়ণগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৫	অসীম কুমার বাউড়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নারায়ণগঞ্জ সদর	নারায়ণগঞ্জ সদর।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে সুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে নারায়ণগঞ্জ সদর উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটির সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য-সচিব কে আজকের সভার আলোচ্য সূচী অনুযায়ী বক্তব্য উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

আলোচ্য সূচীঃ

- ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। প্রাথমিক সমবায় সমিতির বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৩। সমবায়ীদের প্রশিক্ষন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ৪। বিবধ।

আলোচ্য সূচী ০১ঃ

আলোচনাঃ অদ্যকার সভায় জনাব অসীম কুমার বাউড়ে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য-সচিব, পল্লী উন্নয়ন ও সমবায়(স্থায়ী) কমিটি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ০২ঃ

আলোচনাঃ সভায় সদস্য-সচিব জানান যে, সমবায় আইন ও বিধি অনুসারে প্রাথমিক সমবায় সমিতিসহ সকল সমবায় সমিতির প্রতি বছর অডিট ও এজিএম এবং প্রতি ৩ বছর পর নির্বাচন কিংবা নতুন কমিটি গঠন করার কথা থাকলেও যথাসময় অডিট, এজিএম ও নির্বাচন সম্পন্ন হয় না। সমিতির সদস্যরা এ ব্যাপারে মোটেও তৎপর না। তারা নিয়মিত শেয়ার ও সঞ্চয় জমা করেন না। ঋণ গ্রহনকারী বেশীরভাগ সদস্য ঋণ খেলাপী করে আছেন।

সিদ্ধান্তঃ বিষয়টি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর মাসিক সভায় উপস্থাপন করে সমিতি কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ০৩ঃ

আলোচনাঃ বর্তমান অর্থ বছরে ২টি ব্যাচে ৬০ জন প্রশিক্ষনার্থীর জন্য উদ্বুদ্ধকরণ বিষয়ে ১দিনের বাজেট বরাদ্দ পাওয়া গেছে। ইতিমধ্যে ১টি ব্যাচের প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। কিছুদিন পর সুবিধাজনক সময়ে ২য় ব্যাচের প্রশিক্ষন সম্পন্ন হবে। উপজেলা পরিষদ থেকে বরাদ্দ পেলে বরাদ্দ মোতাবেক প্রশিক্ষন সম্পন্ন করা হবে।


সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ থেকে প্রশিক্ষনের প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার জন্য সভাপতি মহোদয়কে সুপারিশ করার অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ০৩ঃ

আলোচনাঃ বিবিধ বিষয়ে আজ আর কোন আলোচনা নেই।

সিদ্ধান্তঃ যথাসময়ে পরবর্তী সভা আহ্বান করার জন্য সদস্য- সচিবকে অনুরোধ করা হলো।

অতপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



(ফাতেমা মনির)

সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় (স্থায়ী) কমিটি

নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ


নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

স্মারক নং ৪৭.৬২.৬৭.৫৮.১০০.০৬.৫৩.১৬.২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে-

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর।
- ৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
- ৬। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ।(সকল)

তারিখঃ ০৩/০৩/২০২২খ্রি.



(অসীম কুমার বাড়ে)

সদস্য সচিব

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় (স্থায়ী) কমিটি

নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

ও

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।